

স্মারক নং- ৩২.০১.০০০০.০১৪.১৮.০০৪.২১-৬২

তারিখ: ২১/০৪/২০২৬ খ্রি।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ 'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে সাহায্যের জন্য আবেদনপত্র আহ্বান।


এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে অসহায়, অসুস্থ, অনাথ, আর্থিক দুর্দশাগ্রস্ত, এসিত আক্রান্ত, মেধাবী ছাত্র ছাত্রীদের শিক্ষার জন্য এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত মহিলা ও শিশুদের এককালীন আর্থিক সাহায্য প্রদান করা হয়। এ তহবিল হতে অনুদান প্রত্যাশী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০২। উল্লেখ্য যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইট dwa.gov.bd-তে আবেদনপত্র ও শর্তাবলী পাওয়া যাবে। তবে জেলায় বসবাসকারী সংশ্লিষ্ট জেলার উপপরিচালককে কার্যালয়/উপজেলায় বসবাসকারী সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে এতদসংক্রান্ত আবেদনপত্রের ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে। তহবিল হতে অনুদান প্রত্যাশী নিজে অথবা তীর মনোনীত অভিভাবক আবেদনপত্র সংগ্রহ ও দাখিল করতে পারবেন।

০৩। এমতাবস্থায়, তহবিল হতে অনুদান প্রত্যাশীদের নির্ধারিত ফরম ও শর্তাবলী পূরণ করে সংশ্লিষ্ট জেলা/উপজেলা কার্যালয়ে আগামী ২০/০৫/২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট উপপরিচালক কার্যালয় থেকে কার্যবিবরণী, যাচাই বাতাইকৃত আবেদনপত্রসমূহ আগামী ১৫/০৬/২০২৬ তারিখের মধ্যে উপকমিটি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে: ০২ পাতা।

উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
.....জেলা (সকল)।


২১/৪/২০২৬
(শবনম শিরিন)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সদস্য সচিব (উপকমিটি)
'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল'
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

সদস্য অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ:

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৩। উপপরিচালক (সকল জেলা), মহিলা বিষয়ক অধিদপ্তর (তীর জেলায়ীন সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সহকারী পরিচালক/ওয়েব সাইট কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (তীকে পত্র, শর্তাবলী এবং আবেদন ফরমসহ ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অতিরিক্ত পরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' থেকে আর্থিক সাহায্য প্রাপ্তির শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে):

- ১। আবেদনকারী অথবা তাদের পক্ষে মনোনীত অভিভাবকগণকে স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/ইউপি মেম্বার/মেয়র/ওয়ার্ড কাউন্সিলর এর সুপারিশসহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে স্ব-স্ব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে;
- ২। সিটি কর্পোরেশন বা জেলা/সদর উপজেলার আবেদনকারীগণকে জেলা সদরে অবস্থিত উপপরিচালকের কার্যালয়ে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে;
- ৩। আবেদনকারীকে আবেদনের পক্ষে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে;
 - (ক) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি;
 - (খ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি ছবি;
 - (গ) চিকিৎসার ক্ষেত্রে ডাক্তারের ব্যবস্থাপত্র;
 - (ঘ) আইনগত সহায়তার ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে;
 - (ঙ) শিক্ষার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং পিতা মাতার বাৎসরিক আয়ের প্রত্যয়ন (মেম্বর/সম শ্রেণির কর্মকর্তা/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/মেম্বার কর্তৃক প্রদত্ত);
- ৪। জেলা কমিটি আবেদনপত্র সংগ্রহের লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন (জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে নোটিশটি প্রচার করবেন);
- ৫। জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদন পত্রের ফটোকপি উপপরিচালকের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে;
- ৬। 'বোর্ড অব ট্রাস্টি' সভায় মঞ্জুরকৃত/অনুমোদনকৃত অর্থ ত্রুসড চেকের মাধ্যমে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রেরণ করা হবে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর অনুদানের অর্থ বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরত: তহবিলের বোর্ড অব ট্রাস্টির সদস্য সচিবকে অবহিত করবেন;

২১/০৪/২০২১

ছামিনা হাফিজ
সহকারী পরিচালক
(দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।